

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ জুলাই, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব অশোক মাধব রায়
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

তারিখ : ১০-০৮-২০১৭ খ্রিঃ

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) গত ১৮-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সকল দণ্ড/সংস্থার প্রধান এবং মন্ত্রণালয়ের উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। উপস্থিত কর্মকর্তাগণ সভায় তাঁদের মতামত প্রকাশ করেন। বিস্তারিত আলোচনাতে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|--------|----------------------|--|--|
| ১. | অনিস্পন্ন বিষয়াদি : | <p>(১) বিআইডিলিউটিএ :</p> <p>(ক) চাঁদপুর নদী বন্দরের ফোরশোর সীমানা নির্ধারণ বিষয়ে অর্থাৎ চাঁদপুর নদী বন্দরের কতটুকু তীরভূমি বিআইডিলিউটিএ'র নিকট হস্তান্তরের প্রয়োজন হবে এ বিষয়ে যুগান্বিত (টিএ) এর মেত্তে গঠিত কমিটি সরেজামিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছেন। প্রতিবেদনে ৮৫.২৬৫৮ একর তীরভূমি বিআইডিলিউটিএ'র নিকট হস্তান্তরে সুপারিশ করা হয়েছে। সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য গত ২০-০৭-২০১৭ তারিখে জেলা প্রশাসক, চাঁদপুরকে অনুরোধ জানানো হয়েছে মর্মে শাখা কর্মকর্তা সভাকে অবহিত করেন।</p> <p>(খ) বিআইডিলিউটিএ'র বরাবর কক্সবাজারের নদী বন্দরের তীরভূমি হস্তান্তরের বিষয়ে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ১২-০৭-২০১৭ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য গত ২৭-০৭-২০১৭ তারিখে ভূমি মন্ত্রণালয়, বিআইডিলিউটিএ এবং জেলা প্রশাসক, কক্সবাজারকে পত্র দেয়া হয়েছে।</p> <p>(২) বিআইডিলিউটিসি :</p> <p>বিআইডিলিউটিসি কর্তৃক ফেরীতে ০৮ মাসে বাড়তি জ্বালানী খরচ সংক্রান্ত দৈনিক যুগান্তরে প্রকাশিত সংবাদের বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক ২৪-০৮-২০১২ তারিখে গঠিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে বিআইডিলিউটিসিকে অনুরোধ করা</p> | <p>(ক) জেলা প্রশাসক, চাঁদপুর বরাবর চাঁদপুর নদী বন্দরের ফোরশোর সীমানা নির্ধারণের লক্ষ্যে প্রেরিত পত্রের বিষয়ে জেলা প্রশাসক, চাঁদপুরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বিআইডিলিউটিএ এবং সংশ্লিষ্ট শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।</p> <p>(খ) বিআইডিলিউটিএ'র বরাবর কক্সবাজারের নদী বন্দরের তীরভূমি হস্তান্তরের বিষয়ে জেলা প্রশাসক, কক্সবাজারের সাথে ব্যক্তিগত যোগাযোগ করে ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের প্রক্রিয়াটি ত্বরান্বিত করতে হবে। বিআইডিলিউটিএ এবং সংশ্লিষ্ট শাখা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।</p> <p>(ক) ফেরীতে ০৮ মাসে বাড়তি জ্বালানী খরচ সংক্রান্ত দৈনিক যুগান্তরে প্রকাশিত সংবাদের বিষয়ে বিআইডিলিউটিসি থেকে প্রাপ্ত পত্রের জবাব সন্তোষজনক নয় বিধায় পুনরায় জবাব দাখিলের জন্য বিআইডিলিউটিসিকে নির্দেশনা প্রদান করতে হবে। একই সাথে তদন্ত</p> |

| | |
|---|--|
| <p>হয় এবং চারবার তাগিদ দেয়া হয়। পরবর্তীতে গত ০২-০৩-২০১৭ তারিখে জবাব পাওয়া যায়। জবাব সত্ত্বেওজনক নয় বলে শাখা কর্মকর্তা জানান। অতঃপর গত ২৮-০৩-২০১৭ তারিখে যুগ্মসচিব (বাজেট)-কে আহবায়ক করে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে জানানো হয়।</p> | <p>কর্মকর্তাকে প্রতিবেদন দাখিলের জন্য তাগিদ দিতে হবে।</p> |
| <p>(৩) মোবক</p> <p>(ক) হাসপাতালের কর্মরত নার্সদের ২য় শ্রেণীতে উন্নতীকরণ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ১২-০৭-২০১৭ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে শাখা কর্মকর্তা জানান।</p> | <p>(ক) হাসপাতালের কর্মরত নার্সদের ২য় শ্রেণীতে উন্নতীকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের বিষয়ে সংশ্লিষ্ট শাখা এবং মোতাবেক কর্তৃপক্ষ জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখবে।</p> |
| <p>(৪) বিএসসি</p> <p>(ক) বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে মহাব্যবস্থাপক পদ বিলুপ্ত করে ডিপিএ পদ সৃজনের লক্ষ্যে অর্থ বিভাগে প্রেরিত পত্রের বিষয়ে অর্থ বিভাগের সাথে বিএসসি এবং সংশ্লিষ্ট শাখা যোগাযোগ অব্যাহত রাখবে। প্রয়োজনে যুগ্ম সচিব (বিএসসি) প্রস্তাবটি প্রক্রিয়াকরণের বিষয়ে অর্থ বিভাগের সংশ্লিষ্ট যুগ্মসচিবের সাথে যোগাযোগ করবেন।</p> | <p>(ক) বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে মহাব্যবস্থাপক পদ বিলুপ্ত করে ডিপিএ পদ সৃজনের লক্ষ্যে অর্থ বিভাগে প্রেরিত পত্রের বিষয়ে অর্থ বিভাগের সাথে বিএসসি এবং সংশ্লিষ্ট শাখা যোগাযোগ অব্যাহত রাখবে। প্রয়োজনে যুগ্ম সচিব (বিএসসি) প্রস্তাবটি প্রক্রিয়াকরণের বিষয়ে অর্থ বিভাগের সংশ্লিষ্ট যুগ্মসচিবের সাথে যোগাযোগ করবেন।</p> |
| <p>(খ) সরকারের বিভিন্ন স্ব-শাসিত প্রতিষ্ঠানের সাথে সামঞ্জস্যতা বজায় রেখে বিএসসি এর নিজস্ব চাকুরী প্রবিধানমালার পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সংশোধন করে প্রেরণের জন্য বিএসসিকে নির্দেশনা প্রদান করা হয়েছে।</p> | <p>(খ) সরকারের বিভিন্ন স্ব-শাসিত প্রতিষ্ঠানের সাথে সামঞ্জস্যতা বজায় রেখে আগামী ০১ মাসের মধ্যে বিএসসি এর নিজস্ব চাকুরী প্রবিধানমালা প্রস্তুতপূর্বক বিএসসি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে।</p> |
| <p>(৫) নৌপরিবহন অধিদপ্তর :</p> <p>(ক) প্রধান প্রকৌশলী এ কে এম ফখরুল ইসলামের বিবরণে দুর্নীতির অভিযোগের প্রতিবেদন তত্ত্বকারী কর্মকর্তা অতিরিক্ত সচিব (উন্নয়ন) কর্তৃক এখনও দাখিল করা হয়নি মর্মে শাখা কর্মকর্তা জানান।</p> | <p>(ক) প্রধান প্রকৌশলী এ কে এম ফখরুল ইসলামের বিবরণে দুর্নীতির অভিযোগের প্রতিবেদন তত্ত্বকারী কর্মকর্তা অতিরিক্ত সচিব (উন্নয়ন) পরবর্তী সময় সভার পূর্বেই দাখিল করবেন।</p> |
| <p>(খ) ইঞ্জিনিয়ার এস এস নাজমুল হকের বিবরণে প্রাপ্ত অভিযোগের প্রতিবেদন তত্ত্বকারী কর্মকর্তা অতিরিক্ত সচিব (উন্নয়ন) কর্তৃক এখনও দাখিল হয়নি।</p> | <p>(খ) ইঞ্জিনিয়ার এস এস নাজমুল হকের বিবরণে প্রাপ্ত অভিযোগের প্রতিবেদন তত্ত্বকারী কর্মকর্তা অতিরিক্ত সচিব (উন্নয়ন) পরবর্তী সময় সভার পূর্বেই দাখিল করবেন।</p> |
| <p>(৬) চৰক :</p> <p>(ক) চট্টগ্রাম বন্দর কলেজ ও চট্টগ্রাম বন্দর মহিলা কলেজের ৬৮ টি পদ সৃজনের অনুরোধ জানিয়ে ১১-০৫-২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।</p> | <p>(ক) চট্টগ্রাম বন্দর কলেজ ও চট্টগ্রাম বন্দর মহিলা কলেজের ৬৮ টি পদ সৃজনের বিষয়ে চৰক এবং সংশ্লিষ্ট শাখা জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখবে।</p> |
| | <p>(খ) বন্দর এলাকায় বর্জ ট্রিটমেন্ট প্লান্ট</p> |

| | | | |
|----|-------------------------------------|--|--|
| | | <p>(খ) বন্দর এলাকায় বর্জ ট্রিমেন্ট প্লান্ট পরিচালনার জন্য পদ সূজনের প্রস্তাব চবক শাখা হতে মন্ত্রণালয়ে পাওয়া গেছে।</p> <p>(গ) ঢাকাস্থ আইসিডির ১৩ টি পদের মেয়াদ সংরক্ষণের জন্য ২৩-০৫-২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ হয়েছে।</p> <p>(ঘ) চবক হাসপাতালের ৫৯ টি প্রয়োজনীয় পদ সূজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী চবক হতে প্রস্তাব পাওয়া গেছে।</p> <p>(ঙ) চবক এর অপারেশনাল কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ) এর পদ সূজনের বিষয়ে চাহিদ প্রয়োজনীয় তথ্যাদি আগামী ১৫ দিনের মধ্যে চবক মন্ত্রণালয়ে দাখিল করবে।</p> | <p>পরিচালনার জন্য পদ সূজনের প্রস্তাবের বিষয়ে যুগ্মসচিব (চবক) এর সভাপতিত্বে আগামী ০১ সপ্তাহের মধ্যে সভা আহ্বানপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(গ) ঢাকাস্থ আইসিডির ১৩ টি পদের মেয়াদ সংরক্ষণের প্রস্তাবের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p> <p>(ঘ) চবক হাসপাতালের ৫৯ টি প্রয়োজনীয় পদ সূজনের বিষয়ে চবক শাখা অন্তিবিলম্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে।</p> <p>(ঙ) চবক এর অপারেশনাল কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ) এর পদ সূজনের বিষয়ে চাহিদ প্রয়োজনীয় তথ্যাদি আগামী ১৫ দিনের মধ্যে চবক মন্ত্রণালয়ে দাখিল করবে।</p> |
| ২. | শূন্য পদে জনবল নিয়োগ প্রসঙ্গে : | সকল দণ্ডের শূন্য পদের সঠিক তথ্যাদি সভায় উপস্থাপিত না হওয়ায় সভাপতি পরবর্তী সভার পূর্বেই সকল দণ্ডর/সংস্থার প্রধানকে শূন্য পদের সঠিক পরিসংখ্যান প্রেরণ করার অনুরোধ জানান এবং নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করার আহ্বান জানান। আলোচনাকালে দেখা যায় বিআইডিভিউটিএতে ৮৩ টি শূন্য পদের জনবলের নিয়োগের লক্ষ্যে ছাড়পত্রের জন্য অপেক্ষমান রয়েছে। এছাড়া পাবকে ১৮৫ টি শূন্য পদের জন্য ছাড়পত্রের প্রস্তাব পাওয়া গেছে। | <p>১। সকল দণ্ডর/ সংস্থায় বিদ্যমান শূন্য পদের সঠিক পরিসংখ্যান এবং নিয়োগ প্রক্রিয়ার জন্য গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট শাখা অধিশাখা হতে দণ্ডর/সংস্থার শূন্য পদের তথ্য সংগ্রহপূর্বক পরবর্তী সময়সূচি সভার পূর্বেই প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে।</p> <p>২। ছাড়পত্র প্রাপ্ত শূন্যপদ দ্রুততার সাথে এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। ছাড়পত্রের সঙ্গে নিয়োগ কমিটি অনুমোদন করে নিতে হবে।</p> <p>৩। শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করাতে হবে।</p> |
| ৩. | অডিট আগম্তি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে : | আলোচনাকালে দেখা যায়, জুলাই মাসে অডিট আগম্তির সংখ্যা ছিল ২৪৯০ টি, জড়িত টাকা ৫২৪০.৯৩৭১ কোটি টাকা এবং অডিট আগম্তি নিষ্পত্তি হয়েছে ১৬ টি। এ পর্যায়ে যুগ্মসচিব (অডিট) দণ্ডর/সংস্থার হতে অডিট আগম্তির রিপোর্ট অভিন্ন ছকে তিনটি ধাপে সংগ্রহপূর্বক উপস্থাপন করেন। দণ্ডর/সংস্থাগুলিকে সর্বশেষ অগ্রগতিসহ বিস্তারিত তথ্য প্রেরণ করার জন্য এবং অডিট আগম্তি নিষ্পত্তিতে সকলকে আরো বেশী আন্তরিক হতে সভাপতি পরামর্শ প্রদান করেন। | <p>১। দণ্ডর/সংস্থার মাসিক ভিত্তিক মোট অডিট আগম্তির বিস্তারিত তালিকা এবং নিষ্পত্তিকৃত তালিকা সমন্বয় সভায় উপস্থাপন করবে।</p> <p>২। মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা অডিট আগম্তি সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট দণ্ডর/সংস্থার সমন্বয়ে প্রতিমাসে বিপাক্ষিক/ত্রিপাক্ষিক সভা করবে এবং এ ধারা অব্যাহত রাখবে।</p> <p>৩। মেরিন একাডেমিতে ভর্তির সময় কি কি খাতে অর্থ নেয়া হয়; কিভাবে ভর্তিকৃত অর্থের একটি অংশ ক্যান্ড্যান্ট ও অন্যান্য স্টাফগণ</p> |

| | | |
|----|--|---|
| | | <p>পেয়ে থাকেন; মন্ত্রণালয়ের অনুমতি ছাড়া মেরিন একাডেমি কর্তৃক বিভিন্ন পদে চুক্তিভিত্তিক নিয়োগের আইনগত দিক; ইমেজ বিল্ডিং ফাল্ট হতে কিভাবে কত টাকা সংগ্রহ করা হয়েছে এবং কিভাবে খরচ করা হচ্ছে- এ সকল বিষয় তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য ইতোপূর্বে গঠিত তদন্ত কমিটি আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।</p> <p>৪। অডিট আপস্তির জবাব কি ভাবে লিখতে হয়; এ সংশ্লিষ্ট ধারণা প্রাপ্তির জন্য অডিট অধিদপ্তরের কর্মকর্তাদের আমন্ত্রণ জানিয়ে সকল দণ্ড/সংস্থার অডিট বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p> |
| ৪. | মামলা সংক্রান্ত : | <p>যুগ্মসচিব (অডিট ও আইন) মামলা সম্পর্কে দণ্ড/সংস্থা হতে প্রাপ্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে সভাপতি মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবী নিয়োগ করে রাষ্ট্রপক্ষে স্বার্থসংরক্ষণে সচেষ্ট থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।</p> |
| ৫. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি সংক্রান্ত : | <p>মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি যথাসময়ে বাস্তবায়নের জন্য সময়মত পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি পূরণে দণ্ড/সংস্থার প্রধানকে আরো বেশী আন্তরিক হতে নির্দেশনা প্রদান করেন।</p> |
| ৬. | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের সংক্রান্ত : | <p>১৫ আগস্ট ১৯৭৫ হতে ৯ এপ্রিল ১৯৭৯ পর্যন্ত এবং ২৪ মার্চ-১৯৮২ হতে ১১ নভেম্বর ১৯৮৬ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশ ফরমেট অনুসারে</p> |
| | | <p>পেয়ে থাকেন; মন্ত্রণালয়ের অনুমতি ছাড়া মেরিন একাডেমি কর্তৃক বিভিন্ন পদে চুক্তিভিত্তিক নিয়োগের আইনগত দিক; ইমেজ বিল্ডিং ফাল্ট হতে কিভাবে কত টাকা সংগ্রহ করা হয়েছে এবং কিভাবে খরচ করা হচ্ছে- এ সকল বিষয় তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য ইতোপূর্বে গঠিত তদন্ত কমিটি আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।</p> <p>৪। অডিট আপস্তির জবাব কি ভাবে লিখতে হয়; এ সংশ্লিষ্ট ধারণা প্রাপ্তির জন্য অডিট অধিদপ্তরের কর্মকর্তাদের আমন্ত্রণ জানিয়ে সকল দণ্ড/সংস্থার অডিট বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p> <p>১। মামলার নেটিশ প্রাপ্তির পরই ওকালতনামা, আইনজীবী নিয়োগ, অনুচ্ছেদ ওয়ারী বক্তব্য তৈরী করে যথাসময়ে সংশ্লিষ্ট আইনজীবীর নিকট পৌছানো এবং Contempt of Court এর বিষয়ে জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট দণ্ড/সংস্থা প্রধানগণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। এতে কোন ব্যত্যয় ঘটলে তার জন্য সংশ্লিষ্ট দণ্ড/সংস্থা দায়ী থাকবে।</p> <p>২। সংশ্লিষ্ট দণ্ড/সংস্থাসমূহে যাদের অদ্যবধি মামলার জবাব প্রেরণ বাকি রয়েছে তারা মামলার নম্বরসহ দ্রুত জবাব প্রেরণ করবে। শাখা হতে এ জন্য তাগিদ প্রদান করবে।</p> <p>৩। দণ্ড/সংস্থার প্রধানকে বিবাদী করে যে সব মামলা দায়ের করা হয়েছে, সেসব মামলার সংখ্যা, সংশ্লিষ্ট তথ্য, গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।</p> <p>১। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রদত্ত নির্দেশনার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে যথাযথভাবে প্রেরণ করতে হবে।</p> <p>২। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি কোন অবস্থায় পেশিং থাকতে পারবে না।</p> <p>৩। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য বিআইডিইউটিএ সহ সংশ্লিষ্ট সকল দণ্ড/সংস্থাকে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণের নিষিদ্ধ অত্য মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং ব্যবস্থা নিবে।</p> <p>৪। সংশ্লিষ্ট দণ্ড/সংস্থা প্রতিশ্রুতির অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করবে।</p> <p>১। শাখাসমূহ মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত তারিখের কমপক্ষে ২ কার্যদিবসের পূর্বে</p> |

| | | | |
|-----|---------------------------------------|--|--|
| | | <p>দ্রুত হালনাগাদকরণ ও বাংলা ভাষায় প্রণয়ন সম্প্রস্তুতি করার সিদ্ধান্ত রয়েছে। এছাড়া মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৪ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। এ নির্দেশনা অনুসরণের জন্য সকলকে সচেষ্ট থাকতে সভাপতি নির্দেশনা প্রাদান করেন।</p> | <p>দণ্ডর/সংস্থা হতে সংগ্রহ করে উক্ত প্রতিবেদন (হার্ডকপি ও সফটকপি) মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব সমন্বিত প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।</p> <p>২। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের ক্ষেত্রে সচিব মহোদয়কে অবহিত করবে।</p> |
| ৭. | আইন বাংলায় অনুবাদ সংক্রান্ত : | <p>দণ্ডর/সংস্থা সংশ্লিষ্ট ইংরেজী ভাষায় প্রণীত আইন বাংলায় অনুবাদ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে সভায় গুরুত্বান্বোধ করা হয়।</p> | <p>(ক) কোন দণ্ডর/সংস্থায় কয়টি আইন বাংলা ভাষায় রূপান্তরযোগ্য রয়েছে তার তথ্য দণ্ডর/সংস্থাসমূহ জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট শাখা/অধিশাখায় প্রেরণ করবে।</p> <p>(খ) শাখা/অধিশাখা এবং দণ্ডর/সংস্থা হতে বর্ণিত আইনসমূহ বাংলা ভাষায় রূপান্তরের জন্য ব্যবস্থা গ্রহণ করবে এবং দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করবে।</p> |
| ৮. | মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ : | <p>সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণের কাজ যথাযথভাবে সম্পন্নকরণের জন্য প্রতিমাসে নিয়মিত সভা করা হয়।</p> | <p>১। মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হয়ে হালনাগাদ করতে হবে। মন্ত্রণালয়ের প্রোগ্রামার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>২। প্রত্যেক দণ্ডর/সংস্থার ওয়েবসাইটও নিয়মিত হালনাগাদ রাখতে হবে। মন্ত্রণালয়ের ওয়েবসাইট এ প্রদর্শিত হালনাগাদ তথ্য প্রাপ্তির জন্য দণ্ডর/সংস্থা প্রতিদিন মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত পরিদর্শন করবে।</p> |
| ৯. | ইনোভেশন টিম এর কার্যক্রম : | <p>সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর কার্যক্রম যথাযথভাবে সম্পন্নকরণের জন্য প্রতিমাসে নিয়মিত সভা করা হয়।</p> | <p>১। মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের জন্য মন্ত্রণালয়ের প্রোগ্রামার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>২। প্রতিটি দণ্ডর/সংস্থা হতে ইনোভেশন টিম কর্তৃক গৃহীত দুটি উভাবনী কাজের অঞ্চলিতে পরবর্তী সমন্বয় সভার পূর্বেই মন্ত্রণালয়কে অবহিত করবে।</p> <p>৩। দণ্ডর/সংস্থা প্রধানমন্ত্রী নিজস্ব ইনোভেশন টিম এর কার্যক্রম নিয়মিত তদারকি করবেন।</p> |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি : | <p>APA টিম এর সংশ্লিষ্ট ফোকাল পার্সন সভাকে অবহিত করেন যে, ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ০৬-০৭-২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্বাক্ষর হয়েছে। নৌপরিবহন মন্ত্রণালয়ের সাথে আওতাধীন ১১টি দণ্ডর/সংস্থার ২০১৭-১৮ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ১৫-০৬-২০১৭ তারিখে স্বাক্ষর হয়েছে। এপিএ টিমএ মন্ত্রণালয়ের উপসচিব জনাব মো মুহিদুল ইসলামকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়েছে।</p> | <p>১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথ ভাবে সম্পাদনের লক্ষ্যে গঠিত বিশেষজ্ঞ পুল ও APA টিম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।</p> |
| ১১. | জাতীয় শুন্দাচার কৌশল : | <p>(ক) সভায় অবহিত করা হয় যে, ২০১৭-১৮ অর্থ বছরের মন্ত্রণালয়ের জাতীয় শুন্দাচার কৌশল কর্মপরিকল্পনা ২১-০৬-২০১৭ তারিখ মন্ত্রিপরিষদ</p> | <p>দণ্ডর/সংস্থায় শুন্দাচার কৌশল বাস্তবায়নে মাঝ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান, অনলাইন রেসপন্স সিটেম, ই-</p> |

| | | | |
|-----|---|--|--|
| | | বিভাগে দাখিল করা হয়েছে। শুন্ধাচার চর্চার জন্য এ মন্ত্রণালয়ে ০২ দুই জন কর্মচারিকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | টেলারিং, অনলাইন সেবা প্রদান, ই-ফাউন্ডেশনের ধারনা বিষয়ে মন্ত্রণালয় এ দণ্ডর/সংস্থাসমূহ জরুরী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১২. | ই-ফাইলিং সংক্রান্ত : | মন্ত্রণালয়ের কাজে গতি সম্বরণ ও স্বচ্ছতা নিশ্চিত করতে ইতোমধ্যে ই-ফাইলিং বিষয়ে কর্মকর্তা/কর্মচারী পর্যায়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। কিছু কিছু শাখায় ইতোমধ্যে ই-ফাইলিং কার্যক্রম শুরু হয়েছে এবং তা চলমান রয়েছে। এ বিষয়ে আরো বেশি উদ্যোগ হওয়ায় জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ১। সকল শাখায় ই-ফাইলিং চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। মন্ত্রণালয়ের সকল শাখাকে ই-ফাইলিং কার্যক্রমে সম্পৃক্তকরণের জন্য প্রোগ্রামার উদ্যোগ গ্রহণ করবে এবং গৃহীত কার্যক্রম সভাকে অবহিত করবে। ৩। ই-ফাইলিং কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য সকল শাখায় ই-পদ্ধতিতে উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে ডাক প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়ে প্রোগ্রামার এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবেন এবং সভায় অংগুষ্ঠি উপস্থাপন করবেন। ৪। সকল দণ্ডর/সংস্থা ই-ফাইল কার্যক্রমের অংগুষ্ঠি/তথ্যাদি মন্ত্রণালয়কে অবহিত করবে। প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণের ব্যবস্থা করবে। |
| ১৩. | ই-টেলারিং : | সকল দণ্ডর/সংস্থায় ই-টেলারিং কার্যক্রম চালু করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উপর তিনি গুরুত্বপূর্ণ করেন। | প্রত্যেক দণ্ডর/সংস্থায় ই-টেলারিং কার্যক্রমে অংশগ্রহণ করেছে কিনা; তার তথ্য সংগ্রহপূর্বক প্রোগ্রামার সভাকে অবহিত করবেন। |
| ১৪. | তথ্য অধিকার আইন (আরটিআই): | সভায় অবহিত করা হয়েছে যে, এ বিষয়ে কার্যক্রম যথাযথভাবে প্রতি পালিত হচ্ছে। RTI ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মোঃ মুহিদুল ইসলাম উপসচিব কে মন্তেন্যন দেয়া হয়েছে। | তথ্য অধিকার আইন (আরটিআই) এর আওতায় চাহিদা মাফিক প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে। |
| ১৫. | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত : | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে নিয়মিত সভায় বিস্তারিত আলোচনা ও পদক্ষেপ গ্রহণ করা হয়। | ১। সকল শাখা দণ্ডর/সংস্থা হতে অভিযোগের হালনাগাদ তালিকা সংগ্রহ করে যথাযথ প্রতিবেদন (হার্ডকপি ও সফটকপি) প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে। ২। অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অতিরিক্ত সচিব পৃথক সভা করবেন এবং অভিযোগ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১৬. | <u>বিবিধঃ</u> (ক) মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের অংগুষ্ঠি প্রতিবেদনঃ | প্রতিমাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কমপক্ষে ০৩ (তিনি) পূর্বে সকল শাখা/অধিশাখা হতে পূর্ববর্তী সভার সিদ্ধান্তের অংগুষ্ঠি প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়। তথাপি অধিকাংশ শাখা হতে হালনাগাদ তথ্যাদি প্রাপ্তিতে বিলম্বের কারণে বা শাখা কর্মকর্তাকে অবহিত না করে প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক প্রতিবেদন দাখিলের কারণে কার্যপন্থে বাস্তবায়ন অংগুষ্ঠি অংশটি যথাযথভাবে প্রতিফলিত হয় না মর্যে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) সভাকে অবহিত করেন। | (ক) প্রত্যেক শাখা/অধিশাখা সংশ্লিষ্ট কর্মকর্তা প্রতিমাসে অনুষ্ঠিত সমন্বয় সভার ০৩(তিনি) দিন পূর্বেই পূর্ববর্তী সমন্বয় সভার সিদ্ধান্তের অংগুষ্ঠি প্রতিবেদন স্বাক্ষরপূর্বক প্রশাসন-১ শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। (খ) অংগুষ্ঠি প্রতিবেদন হার্ডকপির পাশাপাশি সফট কপি প্রশাসন-১ শাখার ই-মেইলযোগে sas.admin1@mos.gov.bd প্রেরণ করতে হবে। (গ) দণ্ডর/সংস্থা হতে অংগুষ্ঠি প্রতিবেদন মন্ত্রণালয়ের স্ব-স্ব শাখায় প্রেরণ করবে। এরপর সংশ্লিষ্ট শাখা হতে সমন্বিত প্রতিবেদন প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে। |
| | (খ) সচিব সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ | গত ০২ জুলাই ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সচিব সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় প্রধানমন্ত্রী সচিবগণের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। মাননীয় | গত ০২ জুলাই ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সচিব সভার সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ অনুসরণ করতে |

| | | | |
|--|--|---|--|
| | | প্রধানমন্ত্রীর নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ প্রয়োজ্য ক্ষেত্রে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে অনুরোধ করা হয়েছে। সভাপতি এ ঘৰণালয় সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ অনুসরণের জন্য সকল দপ্তর/সংস্থাপ্রধানসহ সংশ্লিষ্টদের অনুরোধ জামান। | হবে এবং প্রয়োজ্য ক্ষেত্রে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। |
|--|--|---|--|

স্বাক্ষরিত/-

তারিখ : ১৭-০৮-২০১৭

(অশোক মাধব রায়)

সচিব

নৌপরিবহন মন্ত্রণালয়

তারিখ: ২১-০৮-২০১৭ খ্রি:

নং-১৮,০০,০০০০,০১৬,০৬,০০৮,১৬(অংশ-৮)- ১৮/২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো।

(জাজীরান নাহার)

সিনিঃ সহসচিব (প্রশাসন)

ফোন : ৯৫১৫৫৫১

বিতরণ :

- ১। চেয়ারম্যান, চৰক/পাবক/মোবক/বাস্তবক/বিআইডলিউটিসি/বিআইডলিউটিএ, জাতীয় নদী রক্ষা কমিশন।
- ২। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিবিল বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচাক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। যুগ্মসচিব (বাস্তবক ও মৰক/চৰক ও প্রশাসন/টিএ/বাজেট/জাহাজ/ অডিট ও আইন/ টিসি/পাবক ও উন্নয়ন/যুগ্মপ্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৬। প্রধান নির্বাহী কৰ্মকৰ্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ১৪৫ বেইলী রোড, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিউট, চট্টগ্রাম।
- ৮। উপসচিব (মোবক/চৰক/টিএ/বাজেট/জাহাজ/ উন্নয়ন/উপ-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাস্তবক/পাবক/ প্রশাসন-১/প্রশাসন-২/বিএসসি/বাজেট/অডিট ও আইন/টিসি), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১০। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরিঃ-১/২/৩/৪), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১১। প্রধান হিসাবরক্ষণ কৰ্মকৰ্তা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। প্ৰেস্থামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্ৰকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ১৩। হিসাবরক্ষণ কৰ্মকৰ্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

অনুলিপি :

- ১। মানগীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন/আইন) মহোদয়ের ব্যক্তিগত কৰ্মকৰ্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।